গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০১.০২.০০১.২৬.৭৬ তারিখ: ০৪ জুলাই ২০২৬

# শোক বার্তা

গভীর শোক ও দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আয়নাল হক, পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর গত ০৩ জুলাই ২০২৬ তারিখ আনুমানিক রাত ০৯:৩০ ঘটিকায় কর্মস্থলে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর (১৯৬৮ - ২০২৬)। তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর স্থায়ী নিবাস নওগাঁ সদর, নওগাঁ।

তিনি ১৭তম বিসিএস (মৎস্য) ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়ে ২২ ফেব্রুয়ারি ১৯৯৮ তারিখে থানা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। কর্মজীবনে তিনি সততা, দক্ষতা, কর্তব্যপরায়ণতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে সহকর্মী ও অধস্তনদের শ্রদ্ধা ও ভালোবাসা অর্জন করেন। তাঁর মৃত্যুতে মৎস্য অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করছেন। আমরা মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা মরহুমকে জান্নাতুল ফিরদাউস নসীব করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ শোক সহ্য করার ক্ষমতা দান করুন। আমীন।

ড. মোঃ খালেদ কনক
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল: dg@fisheries.gov.bd